অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/17/2023 **গভর্নর ক্যাথি হোকল**

শিশু আছে এমন কষ্টে থাকা পরিবারদের সহায়তা করার জন্য গভর্নর হোকল 12 মিলিয়ন মার্কিন ডলারের ঘোষণা করেছেন

17 বছর বা তার কম বয়সী শিশু থাকা সরকারি সহায়তায় নথিভুক্ত পরিবারগুলো 100 মার্কিন ডলারের এককালীন সহায়তা পাবে

নিউ ইয়র্ক স্টেট জুড়ে 120,000টিরও বেশি পরিবারের সহায়তার জন্য মহামারির জরুরি সহায়তা তহবিল

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে শিশু থাকা নিম্ন-আয়ের পরিবারগুলোকে এককালীন পারিবারিক অর্থ সহায়তা প্রদানের জন্য 12 মিলিয়ন মার্কিন ডলারের ফেডারেল তহবিল ব্যবহার করা হচ্ছে। নিউ ইয়র্ক স্টেট অফিস অব টেম্পোরারি অ্যান্ড ডিসেবিলিটি অ্যাসিসট্যান্স (New York State Office of Temporary and Disability Assistance, NYSOTDA) কর্তৃক পরিচালিত, মহামারির জরুরি সহায়তা তহবিল 17 বছর এবং তার কম বয়সী শিশু থাকলে সরকারি সহায়তা পাবে এমন পরিবারগুলোকে প্রায় 100 মার্কিন ডলার প্রদান করবে।

"আমাদের সবচেয়ে দরিদ্র কিছু বাসিন্দাকে ফেডারেলের মহামারি সংশ্লিষ্ট জরুরি সহায়তা তহবিল থেকে সহায়তা প্রদানে আমাদের সাফল্যের কারণে, নিউ ইয়র্ক বাড়তি তহবিলের জন্য যোগ্যতা অর্জন করেছে যা অন্যান্য স্টেটে ব্যবহৃত হয়নি," **গভর্নর হোকল বলেন।** "ফেডারেলের এই তহবিল সেইসব পরিবারগুলো আরো সাহায্য করে যেগুলো মহামারির কারণে সৃষ্ট অর্থনৈতিক ক্ষতির শিকার হয়েছে এবং এই পরিবারগুলোকে তাদের ব্যয় নির্বাহের জন্য দ্রুত নগদ অর্থের যোগান দেয়।"

আর্থিক সহায়তাগুলো 17 অক্টোবর থেকে ইস্যু করা হবে এবং নির্বাচিত পরিবারগুলোকে ডাকযোগে জানানো হবে যে তারা সহায়তা পাবে। শিশু থাকা প্রায় 120,000 পরিবার যোগ্য হিসেবে বিবেচিত হবেন।

মহামারীর জরুরী সহায়তার তহবিলটি কোভিড-19 মহামারীর দ্বারা প্রভাবিত অভাবী পরিবারগুলিকে সহায়তা করার অভিপ্রায়ে 2021 সালের আমেরিকান রেসকিউ প্ল্যান অ্যাক্টের (American Rescue Plan Act) অংশ হিসাবে তৈরি করা হয়েছিল। ফেডারেল নির্দেশনা অনুযায়ী, এই তহবিল শিশু রয়েছে এমন ক্ষতিগ্রস্ত পরিবারগুলোর সুনির্দিষ্ট কোনো স্বল্প-মেয়াদী পরিস্থিতি

বা চাহিদা মোকাবেলার জন্য এককালীন বেনিফিট ইস্যু করার জন্য ব্যবহৃত হওয়া প্রয়োজনীয় ছিল।

নিউ ইয়র্ক প্রাথমিকভাবে মহামারির জরুরি সহায়তা তহবিল (Pandemic Emergency Assistance Fund)-এর মাধ্যমে ফেডারেল তহবিলে 128 মিলিয়ন মার্কিন ডলার পেয়েছিল। যে স্টেটগুলো তাদের সম্পূর্ণ প্রাথমিক বরাদ্দ ব্যয় করেছে, যেমন- নিউ ইয়র্ক, তারা অব্যবহৃত তহবিল থাকা স্টেটগুলো থেকে বাড়তি তহবিল পাওয়ার জন্য নির্বাচিত হতে পারে। NYS অতিরিক্ত 12 মিলিয়ন মার্কিন ডলার পেয়েছে।

জনসাধারণের সহায়তা নিম্ন আয়ের ব্যক্তি এবং পরিবারগুলিকে আবাসনের মতো মৌলিক চাহিদা পূরণে সাহায্য করার জন্য মাসিক অনুদান প্রদান করে। এই কর্মসূচি 590,000 জনেরও বেশি নিউ ইয়র্কবাসীকে সাহায্য করছে যারা হয়তো সাময়িকভাবে কর্মহীন অথবা কাজ করতে অক্ষমের পাশাপাশি খুবই নিম্ন-আয়ের কর্মচারী এবং শিশু রয়েছে।

নিউ ইয়র্ক স্টেট অফিস অব টেম্পোরারি অ্যান্ড ডিসঅ্যাবিলিটি অ্যাসিস্ট্যান্টের ভারপ্রাপ্ত কমিশনার বারবারা সি. গুইন বলেন, "এই পরিমিত, এককালীন আর্থিক সহায়তাগুলো এমন সময়ে সরকারি সহায়তা প্রাপ্ত পরিবারগুলোকে তাদের শিশুদের জন্য নিশ্চিত করতে সাহায্য করবে যখন সমস্ত পরিবার মৌলিক চাহিদা পূরণের সাথে সম্পর্কিত বর্ধিত ব্যয় নির্বাহে হিমশিম খাচ্ছে। আর্থিক এই সহায়তাগুলো এই অতি নিম্ন-আয়ের পরিবারগুলোকে তাদের শিশুদের আরো ভালোভাবে পরিচালনা করতে সহায়তা করবে এবং স্টেট জুড়ে থাকা পরিবারগুলোকে সহায়তা করতে এই অর্থ প্রদানের অনুমোদন দেওয়ার জন্য আমি গভর্নর হোকলের কাছে কৃতজ্ঞ।"

সিনেটর কির্স্টেন গিলিব্র্যান্ড বলেন, "এই এককালীন আর্থিক সহায়তা নিশ্চিত করতে সাহায্য করবে যে নিম্ন-আয়ের পরিবারগুলো তাদের পারিবারিক ব্যয় নির্বাহ করার জন্য কিছুটা আর্থিক সুবিধা পেতে পারে৷ শিশুদের নিয়ে কষ্টে থাকা পরিবারগুলোকে সহায়তা করার জন্য গভর্নর হোকলের প্রচেষ্টাকে সমর্থন করতে পেরে এবং অর্থনৈতিক সংকটের মুখোমুখি নিউ ইয়র্কের সমস্ত পরিবারকে মৌলিক পারীবারিক চাহিদার অ্যাক্সেস নিশ্চিত করতে তার প্রতিশ্রুতি শেয়ার করতে পেরে আমি গর্বিত।"

প্রতিনিধি ব্রায়ান হিগিন্স বলেন, "শিশুর যত্ন থেকে শুরু করে স্কুলের পোশাক পর্যন্ত, পরিবারগুলো নিয়মিত অতিরিক্ত ব্যয়ের সম্মুখীন হচ্ছে যা পরিবারের আর্থিক পরিকল্পনার উপর চাপ দিচ্ছে৷ মহামারি চলাকালীন, আমরা দেখেছি কিভাবে চাইল্ড ট্যাক্স ক্রেডিট অগ্রিম পেমেন্টগুলো শিশুদের দরিদ্র্যতা থেকে বের করে আনতে কাজ করেছে। প্রতিটি সামান্য পদক্ষেপ বাড়তি সহায়তা নিশ্চিত করে তা পিতামাতাগণ আপনাকে জানাবে। গভর্নর হোকল কর্তৃক ফেডারেল মহামারির তহবিলের এই বরাদ্দ নিউ ইয়র্কের শিশুদের জন্য একটি বিনিয়োগের প্রতিনিধিত্ব নিশ্চিত করে।"

প্রতিনিধি আদ্রিয়ানো স্পাইল্লাট বলেন, "জীবনযাত্রার ব্যয় ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে এবং আমি গভর্নর হোকলকে এই সর্বশেষ উদ্যোগের জন্য 120,000টিরও বেশি নিউ ইয়র্কে বসবাসকারী পরিবারকে সাহায্য করার জন্য 12 মিলিয়ন মার্কিন ডলার সহায়তা বরাদ্দ করার জন্য প্রশংসা

করছি যেখানে শিশুরা মৌলিক চাহিদা পূরণে আর্থিকভাবে লড়াই করছে। পরিবারগুলোকে একাকী এই আর্থিক বোঝার সম্মুখীন হতে হবে না এবং এই এককালীন পেমেন্ট তাদের দৈনন্দিন ভিত্তিতে যে প্রতিবন্ধকতার সম্মুখীন হয় তা কমাতে সাহায্য করবে। আজকের ঘোষণাটি দরিদ্র্য পরিবারগুলোর প্রতি আমাদের সমর্থনকে পুনরায় ব্যক্ত করে।"

স্টেট সিনেটর রোক্সান জে. পারসাউড বলেন, "আমেরিকান রেসকিউ প্ল্যান অ্যাক্ট (American Rescue Plan Act) তহবিলে অতিরিক্ত 12 মিলিয়ন মার্কিন ডলার নিউ ইয়র্কে বসবাসকারী পরিবার এবং শিশুদের সাহায্য করার জন্য আমি গভর্নর হোকল এবং অফিস অব টেম্পোরারি অ্যান্ড ডিসঅ্যাবিলিটি অ্যাসিস্ট্যান্ট (Office of Temporary and Disability Assistance, OTDA)-কে ধন্যবাদ জানাই। অর্থনৈতিক নিরাপত্তাহীনতায় ভোগা প্রায় 120,000টি পরিবারকে এই এককালীন পারিবারিক অর্থনৈতিক সহায়তা প্রদান মৌলিক চাহিদার ক্রমবর্ধমান ব্যয় নির্বাহ করতে সাহায্য করবে।"

অ্যাসেম্বলি মেম্বার মারিতজা ডেভিলা বলেন, "নিম্ন-আয়ের পরিবারগুলেকে এককালীন পারিবারিক অর্থনৈতিক সহায়তা প্রদানের জন্য গভর্নর ক্যাথি হোকলের ফেডারেল তহবিলে 12 মিলিয়ন মার্কিন ডলারের ঘোষণা আমাদের মধ্যে সবচেয়ে দরিদ্র্যদের উন্নতির জন্য আমাদের অটল প্রতিশ্রুতির একটি দৃঢ় প্রমাণ। এই বিনিয়োগটি শুধুমাত্র অর্থনৈতিক স্থিতিস্থাপকতাই নিশ্চিত করে না বরং এটি আমাদের কমিউনিটির স্থায়ী শক্তির প্রতীক। যারা সরকারি সহায়তার উপর নির্ভর করে তাদের সহায়তা করার মাধ্যমে, আমরা নিশ্চিত করতে পারি যে আমরা পুনরুদ্ধারমূলক যাত্রায় কাউকে পিছিয়ে রাখি না।"

মহামারীকালীন জরুরি সহায়তা তহবিল ইতোমধ্যে হাজার হাজার নিম্ন-আয়ের নিউ ইয়র্কবাসীকে তাদের অপরিহার্য চাহিদাগুলো পূরণ করতে সাহায্য করেছে। 2022 সালের ফেব্রুয়ারি মাসে, সরকারি সহায়তা অথবা সম্পূরক পুষ্টি সহায়তা কর্মসূচি (Supplemental Nutrition Assistance Program)-তে পরিবারগুলোকে 3 বছর বা তার কমবয়সী শিশুদের জন্য ডায়াপারের ব্যয় বহনে সাহায্য করতে প্রত্যেক শিশুর জন্য 140 ডলার সহায়তা প্রদান করতে এই তহবিল থেকে আনুমানিক 19 মিলিয়ন ডলার ব্যয় করেছে।

2022 সালের এপ্রিল মাসে, তহবিলটি 28,000টিরও বেশি বহু-প্রজন্ম ভিত্তিক পরিবারগুলোকে খাদ্য সহায়তার জন্য 730 মার্কিন ডলার প্রদান করেছে। এসব এককালীন পেমেন্ট স্টেটজুড়ে পরিবারগুলোকে 23 মিলিয়ন মার্কিন ডলারের বেশি সহায়তা প্রদান করার মাধ্যমে 55 বছরের বেশি বয়সী আনুমানিক 31,500 জন প্রাপ্তবয়স্ক ব্যক্তিকে সাহায্য করেছে।

2022 সালের মে মাসে, সরকারি সহায়তার জন্য তালিকাভুক্ত যেসব পরিবারে 17 বছর বা তার কমবয়সী শিশু রয়েছে তারা আবাসনের খরচ, বিল ও অন্যান্য জরুরি চাহিদা পূরণের জন্য এই তহবিল থেকে 250 মার্কিন ডলার সহায়তা লাভ করেছে। আনুমানিক 110,000টি পরিবার এই সহায়তা পেয়েছে যেখানে মোট ব্যয় হওয়া অর্থের পরিমাণ প্রায় 28 মিলিয়ন মার্কিন ডলার যা 216,000 টিরও বেশি শিশুকে সহায়তা করেছে।

2022 সালের আগস্ট মাসে, স্কুলে ফিরে আসা এবং ছোট বয়সের পুষ্টিজনিত ব্যয়গুলো নির্বাহ করতে সরকারি সহায়তা প্রাপ্ত শিশু থাকা পরিবারগুলোকে সাহায্য করার জন্য 44 মিলিয়ন

মার্কিন ডলারেরও বেশি সহায়তা প্রদান করা হয়েছিল। 184,000টি স্কুল-বয়সী শিশু থাকা পরিবারে মোট 39 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হয়েছে। উপরন্তু, 3 বছর বা তার কম বয়সী শিশু থাকা পরিবারকে 5 মিলিয়ন মার্কিন ডলার অর্থ প্রদান করা হয়েছে যার ফলে প্রায় 34,000টি শিশু উপকৃত হয়েছে।

2022 সালের সেপ্টেম্বর মাসে, সরকারি সহায়তা প্রাপ্ত বহু-প্রজন্ম ভিত্তিক পরিবারে বসবাসকারী 2,700 জনেরও বেশি বয়স্ক প্রাপ্তবয়স্কদের প্রায় 3 মিলিয়ন মার্কিন ডলার আর্থিক সহায়তা প্রদান করা হয়েছিল।

এছাড়াও ঘরোয়া সহিংসতার ভুক্তভোগীদের মধ্যে নিম্ন-আয়ের ব্যক্তিদের সহায়তা করার জন্য এই তহবিলের মাধ্যমে আর্থিক সহায়তা প্রদানের জন্য OTDA স্টেটের ঘরোয়া সহিংসতা প্রতিরোধ বিষয়ক দপ্তরের (Office for the Prevention of Domestic Violence) সঙ্গেও কাজ করেছে। এই প্রচেষ্টার ফলস্বরূপ, সংস্থাটি পারিবারিক সহিংসতার ভুক্তভোগীদের ও তাদের পরিবারকে সাহায্য করার জন্য 12.7 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করতে সক্ষম হয়েছে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন